


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ৩৩৩

তারিখ: ০৯ জুলাই ২০২৬

বিষয়: ৭ দিন মেয়াদী ফলোআপ প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী সদস্যদের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় সদস্যদের দক্ষ মানব সম্পদ, আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে অনুমোদিত আরডিপিপিতে ৭ দিন মেয়াদী আবাসিক ফলোআপ প্রশিক্ষণের সংস্থান রয়েছে। সে আলোকে চলতি অর্থবছরে সদস্যদের ফলোআপ প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রয়েছে। ফলোআপ প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ইতোপূর্বে যে সকল সদস্যগণ বিভিন্ন ট্রেডে ৬০ দিন ও ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণ (সেলাই ও এমব্রয়ডারী, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, মোবাইল সার্ভিসিং, হস্ত শিল্প, ব্লক বাটিক, মা ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য সেবা ও পরিচর্যা, বিউটিফিকেশন, টেইলারিং ও ডেস মেকিং) সম্পন্ন করেছেন এবং যারা উক্ত পেশায় নিয়োজিত আছেন/যাদের দৃশ্যমান কাজ রয়েছে শুধুমাত্র তাদের প্রস্তাব প্রেরণযোগ্য হবে। তাই প্রশিক্ষণার্থী নির্বাচন সংক্রান্ত উপজেলাস্থ কমিটির মাধ্যমে যাচাই/নির্বাচনপূর্বক ফলোআপ প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে। প্রশিক্ষণসমূহ পল্লী উন্নয়ন একাডেমী, গোপালগঞ্জ/বগড়া ও জেলা পর্যায়ে টিটিসিসমূহে অনুষ্ঠিত হবে। এমতাবস্থায়, বর্ণিত ফলোআপ প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সংযুক্ত ছকে নির্বাচিত সুফলভোগী সদস্যদের তালিকা জরুরি ভিত্তিতে আগামী ১৯/০৭/২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০২০৩৪১
ই-মেইল: iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
৫. অফিস নথি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

ছক

জেলার নাম:..... উপজেলার নাম:.....

ক্র. নং	সমিতির নাম ও কোড নং	সদস্যের নাম ও আইডি নং	ইতোপূর্বে প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত তথ্য				বয়স	শিক্ষাগত যোগ্যতা	মোবাইল নম্বর
			ট্রেডের নাম	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের সময়কাল	প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম			

